

সংবাদ

তারিখ: 0.3. JUN 2008 ...

সংখ্যা: ৩৬

## নড়াইলে ছাত্রী উদ্দীপনা পুরস্কার বিতরণ

প্রতিনিধি, নড়াইল

নড়াইলে ফিমেল সেকেন্ডারি স্কুল এনিসট্যান প্রজেক্ট ২য় পর্যায়ের আওতায় ছাত্রী উদ্দীপনা পুরস্কার বিতরণ অনুষ্ঠান সদর উপজেলা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আয়োজনে অনুষ্ঠানে ২৭২ জন ছাত্রীর মধ্যে ৬৮ হাজার টাকা প্রদান করা হয়। জেলা শিক্ষা অফিসার পরিমল চন্দ্র মণ্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোয়ালিটি এডুকেশন

মাস্ট্রি অধিদপ্তরের উপ-পরিচালক মো. দিদারুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা হোমায়রা বেগম, সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আফরোজা খানম। এ সময় আরও বক্তব্য রাখেন শিক্ষা কর্মকর্তা, মো. আনোয়ার হোসেন, মো. শাহজাহান মিয়া, শিক্ষক মোঃ তোরাব আলী। অনুষ্ঠানে বক্তারা বলেন, ফিমেল সেকেন্ডারি স্কুল এনিসট্যান প্রজেক্ট ছাত্রীদের শিক্ষার গুণগত মান উন্নয়নে ব্যাপক ভূমিকা রেখে চলেছে।